



আত্মবিশ্বাস চূয়াডাঙ্গা

নিয়োগ বিজ্ঞপ্তি

আত্মবিশ্বাস একটি বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা। সংস্থাটি পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের সহযোগিতায় চূয়াডাঙ্গা, মেহেরপুর, বিনাইদহ, কুষ্টিয়া, যশোর, ফরিদপুর, সাতক্ষীরা, পাবনা, রাজবাড়ী ও মাগুরা জেলায় বর্তমানে ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। এছাড়া সরকারী, দেশী ও বিদেশী দাতা সংস্থার সহযোগিতায় বিভিন্ন প্রকল্প বাস্তবায়নাধীন আছে। আগামীতে বৃহত্তর পরিসরে ঋণ কার্যক্রম পরিচালনার জন্য নিম্নবর্ণিত পদে প্রতিশ্রুতিশীল সং ও পরিশ্রমী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদবী	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বয়স	শিক্ষানবীশ কালীন/ স্থায়ীকরণ বেতন ভাতা
ক্ষুদ্রঋণ কার্যক্রম					
০১	উপ-পরিচালক	০১ জন	স্নাতক /স্নাতকোত্তর পাশ। →পিকেএসএফ-এর সহযোগী সংস্থায় স্বপদে কমপক্ষে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতাসহ ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনায় ১৫ বছরের এবং দাতা সংস্থার সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও প্রতিষ্ঠান পরিচালনায় সামগ্রিক বিষয়ে সম্যক অভিজ্ঞতা থাকতে হবে।	সর্বনিম্ন ৪৫ বছর	আলোচনা সাপেক্ষে
০২	জোনাল ম্যানেজার	০২ জন	স্নাতক /স্নাতকোত্তর পাশ। →পিকেএসএফ-এর সহযোগী সংস্থায় স্বপদে কমপক্ষে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতাসহ ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনায় ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	সর্বোচ্চ ৪২ বছর	৪০,০০০/-
০৩	আঞ্চলিক ব্যবস্থাপক	০৩ জন	স্নাতক /স্নাতকোত্তর পাশ। →পিকেএসএফ-এর সহযোগী সংস্থায় স্বপদে কমপক্ষে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতাসহ ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনায় ৮ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	সর্বোচ্চ ৪০ বছর	৩০,০০০/-
০৪	শাখা ব্যবস্থাপক	১০ জন	স্নাতক /স্নাতকোত্তর পাশ। →পিকেএসএফ-এর সহযোগী সংস্থায় ক্ষুদ্রঋণ কার্যক্রমে স্বপদে কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	সর্বোচ্চ ৩৮ বছর	২০,০০০/-
০৫	ফিল্ড অফিসার	৩০ জন	এইচএসসি/সমমান পাশ। →পিকেএসএফ-এর সহযোগী সংস্থায় ক্ষুদ্রঋণ কার্যক্রমে উক্ত পদে কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর নিজস্ব বাইসাইকেল থাকতে হবে।	সর্বোচ্চ ৩৫ বছর	১২,০০০/-
			→অনভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে, মাঠ পর্যায়ে জনগণকে উদ্বুদ্ধ ও সংগঠিত করা, তাদের মাঝে সঞ্চয়ী মনোভাব গড়ে তোলা, ক্ষুদ্রঋণ বিতরণ ও আদায় করা, এছাড়াও দারিদ্র বিমোচনের লক্ষ্যে বিভিন্ন সামাজিক উন্নয়ন ও অর্থনৈতিক কার্যক্রম পরিচালনায় অংশগ্রহণ করার মানসিকতা থাকতে হবে। প্রার্থীর নিজস্ব বাইসাইকেল থাকতে হবে।	সর্বোচ্চ ৩২ বছর	৯,০০০/-
০৬	ড্রাইভার	০২ জন	সর্বনিম্ন অষ্টম শ্রেণী পাশ। →সুঠাম দেহের অধিকারী হতে হবে। জীপ/মটরকার চালনায় পারদর্শী হতে হবে এবং বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। উক্ত পদে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।	সর্বোচ্চ ২৫-৪৫ বছর	১৩,০০০/-
০৭	এম.এল.এস.এস (পিয়ন)	০২ জন	এসএসসি/সমমান পাশ। →সুঠাম দেহের অধিকারী হতে হবে। উক্ত পদে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।	সর্বোচ্চ ২০-৩০ বছর	৭,০০০/-

শর্তাবলীঃ

- স্ব-হস্তে লিখিত দরখাস্তের সাথে সদ্য তোলা ৩কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, নাগরিক সনদপত্র, জন্মনিবন্ধন সনদ/জাতীয় পরিচয় পত্র, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপিসহ প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে।
- ক্রমিক ০৫,০৬, ও ০৭নং পদের জন্য প্রশিক্ষণকাল ০৬ মাস। সফলভাবে প্রশিক্ষণকাল সম্পন্ন করলে স্থায়ীকরণের তারিখ হতে প্রতিষ্ঠানের নির্ধারিত বেতন কাঠামো অনুযায়ী বেতন ভাতা প্রদান করা হবে।
- চাকুরীতে যোগদানকালীন সময় হতেই শাখা পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ ফ্রি আবাসিক সুবিধা পাবে এবং চাকুরী স্থায়ী হলে ২টি উৎসব বোনাস, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটিসহ আনুষঙ্গিক সুযোগ সুবিধা প্রদান করা হবে।
- আবেদনকারীকে তাৎক্ষণিক যোগাযোগের জন্য বাধ্যতামূলক আবেদনপত্রে টেলিফোন/মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- নির্ধারিত তারিখ ও সময়ে সকল পদের মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। এর জন্য কোন ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না।
- ক্রমিক ০২,০৩ ও ০৪ নং প্রার্থীর ক্ষেত্রে মটর সাইকেল চালনায় পারদর্শী হতে হবে এবং বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।
- মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।
- আবেদন পত্রের সাথে “আত্মবিশ্বাস” শিরোনামে ০১নং পদের জন্য ৫০০/- টাকা, ০২ ও ০৩ নং পদের জন্য ৩০০/- টাকা, ০৪নং পদের জন্য ২০০/- টাকা এবং ০৫,০৬ ও ০৭ নং পদের জন্য ১০০/- টাকা পে-অর্ডার জমা দিতে হবে। কোন কারণে পে-অর্ডার পাঠাতে না পারলে সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের পূর্বে সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত টাকা আত্মবিশ্বাস-এর হিসাব বিভাগে জমা দিয়ে মানি রিসিপ্ট গ্রহণ করতে হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন পত্র গ্রহণ, বাতিল ও পরীক্ষা স্থগিতকরণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- আবেদন পাঠানোর ঠিকানা : নির্বাহী পরিচালক, আত্মবিশ্বাস, বিশ্বাস টাওয়ার, সিনেমা হল পাড়া, চূয়াডাঙ্গা। এই ঠিকানায় ৩০/১১/২০১৬ ইং তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি ও ডাকযোগে আবেদনপত্র পৌছাতে হবে এবং আগামী ০২/১২/২০১৬ তারিখে সকাল ৯.৩০ টায় মৌখিক পরীক্ষা আত্মবিশ্বাস, প্রধান কার্যালয়, বিশ্বাস টাওয়ার, সিনেমা হল পাড়া, চূয়াডাঙ্গা ঠিকানায় অনুষ্ঠিত হবে।

বিদ্রঃ আরো জানতে লগ ইন করুন সংস্থার নিজস্ব ওয়েবসাইটে www.atmabiswas.org/index.php/career-opportunity

যোগাযোগঃ

ফোনঃ ০৭৬১-৬৩৮২৮

মোবাইল নংঃ ০১৮৩৯-৯৬২৫৫৬, ০১৮৩৯-৯৬২৫৫৭ ও ০১৮৩৯-৯৬২৫৫৪

মোঃ আকরামুল হক বিশ্বাস

নির্বাহী পরিচালক

আত্মবিশ্বাস, চূয়াডাঙ্গা।